# উপজেলা পরিষদ কার্যালয়
থানচি, বান্দরবান পার্বত্য জেলা

## ফেব্রুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ থোয়াইহ্লা মং মার্মা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, থানচি।

তারিখ ঃ ১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, থানচি

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেয়া হয়েছে।

সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করা হয়। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরনী সভায় উপস্থাপন করেন এবং অন্য কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতপর সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয়।

বিভাগওয়ারী আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি) ঃ ক) উপজেলা প্রকৌশলী বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থবছরে ১ম ও ২য় কিস্তিতে মোট ৬০.৩০ লক্ষ বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে ৩য় কিস্তিতে ৩০.১৫ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে সভাপতি কর্তৃক একটি খসড়া প্রকল্প তালিকা প্রনয়ন করা হয়েছে। খসড়া প্রকল্পসমূহের মধ্যে ১৫টি প্রকল্প দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে যার প্রাক্কলিত মূল্য ৭৫,৬০,০০০/-, ০৩টি প্রকল্প আরএফকিউ এর মাধ্যমে প্রাক্কলিত মূল্য ১৭,০০,০০০/-, ১৪টি প্রকল্প পিআইসির মাধ্যমে প্রাক্কলিত মূল্য ২৮,৩০,৯০০/- ও সর্বমোট-১,২০,৯০,৯০০/- বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>খ) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীন ড্রেন, রাস্তাঘাট মেরামত খাতে ০৫টি প্রকল্প যার প্রাক্কলিত মূল্য ১৯,০০,০০০/- টাকা। উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>গ) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় থানচি উপজেলায় ৫০,০০,০০০/-টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের বিপরীতে অবকাঠামো উন্নয়নমূলক ৩টি প্রকল্পে-৪০,০০,০০০/-টাকা এবং সক্ষমতা উন্নয়নমূলক ৭টি প্রকল্পে-১০,০০,০০০/-টাকাসহ সর্বমোট ১০টি প্রকল্পের (প্রকল্প তালিকা পরিশিষ্ট-খ তে দেখানো হয়েছে) খসড়া সভায় উপস্থাপন পূর্বক বাস্তবায়নের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২০-২১ অর্থবছরের এডিপি'র খসড়া প্রকল্পসমূহ চূড়ান্তকরনের নিমিত্ত জরুরী ভিত্তিতে প্রকল্প বাচাই কমিটির সভার আহ্বান করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br><br>খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীন ড্রেন, রাস্তাঘাট মেরামত খাতে গৃহীত ০৫টি প্রকল্প কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br><br>গ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় থানচি উপজেলায় ৫০,০০,০০০/-টাকার বিপরীতে অবকাঠামো উন্নয়নমূলক ৩টি প্রকল্পে-৪০,০০,০০০/-টাকা এবং সক্ষমতা উন্নয়নমূলক ৭টি প্রকল্পে-১০,০০,০০০/-টাকাসহ সর্বমোট ১০টি প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় ঃ ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, ৩/৪বছর পূর্বে নির্মিত নকতোহা পাড়া যাওয়ার ব্রীজটি ধসে গেছে। ত্রাণ ও পুর্নবাসন অধিদপ্তরের সকল উন্নয়ন কাজের গুনগত মান ও টেকসই করার লক্ষ্যে কাজ চলাকালীন মনিটরিং অব্যাহত রাখার বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ক) নকতোহা পাড়া যাওয়ার সুবিধার্থে ধসে যাওয়া ব্রীজটি সংস্কারের উদ্যেগ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। আকর্ষণ করেন।<br>খ) ২০২১-২২ অর্থবছরের কাবিখা ও টি.আর. সহ সকল উন্নয়নমূলক কাজের মান শতভাগ নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br><br>গ) আশ্রয়ণ প্রকল্পের আওতায় গৃহহীন ও ভূমিহীন 'ক' শ্রেনীর পরিবার পুনর্বাসনের জন্য ২৮৪ পরিবারের গৃহ নির্মাণ কাজ শতভাগ সমাপ্ত করে আগামী সভায় প্রতিবেদন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | উপস্থাপনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | |
| ৩. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি জানান যে, চলতি মাসের ২২ তারিখে স্কুল খোলার সম্ভাবনা রয়েছে। স্কুল পরিচালনা কমিটির মেয়াদ শেষ হয়ে গেছে এবং নতুন কমিটি গঠনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। কোভিড-১৯ এর কারণে স্কুল বন্ধ থাকায় কিছু বিদ্যালয়ে এখনও বই পৌছানো সম্ভব হয়নি। | ক) বিদ্যালয় পরিচালনা কমিটির কার্যক্রম দ্রুত সমাপ্ত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>গ) যে সকল স্কুলে ছাত্র-ছাত্রীর তুলনায় শিক্ষক বেশী সে সমস্ত বিদ্যালয় হতে শিক্ষক বদলী পূর্বক বেশী সংখ্যক ছাত্র-ছাত্রী যে বিদ্যালয়ে রয়েছে সে বিদ্যালয়ে পদায়নের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় ঃ সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, থানচি উপজেলায় সকল মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ২০২৩ সালে বইয়ের চাহিদা প্রেরণ করা হয়েছে। ৯ম শ্রেণী ব্যতীত ৬ষ্ঠ হতে দশম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মাঝে ২০২২ সালের বই বিতরণ করা হয়েছে। কোভিড-১৯ এর ছাত্র-ছাত্রীদের টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী পর্যন্ত এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনা নিশ্চিত করার জন্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৫. | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কার্যালয় ঃ সহকারী প্রকৌশলীর প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিতসহ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, থানচিকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ৬. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, কোভিড-১৯এর টিকা কার্যক্রম চলমান রয়েছে। হাসপাতালের সামনে রাস্তায় মোটর সাইকেলসহ অন্যান যানবাহন স্পীটে চলাফেরা করে। তাই হাসপাতালের গেইটের সামনে একটি স্পীট ব্রেকার দেওয়ার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখাসহ মাঠ পর্যায়ে কর্মরত স্বাস্থ্যকর্মীর কার্যক্রম মনিটরিং করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>খ) হাসপাতালের সামনে রাস্তায় মোটর সাইকেলসহ অন্যান যানবাহন স্পীটে চলাফেরা করার কারণে গেইটের সামনে একটি স্পীট ব্রেকার দেওয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | ক. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>খ. উপজেলা প্রকৌশলী |
| ৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও বর্তমানে উপজেলা খাদ্য গুদামে ৩৫ মে:টন চাল মজুদ রয়েছে। নতুন কোন কর্মসূচীর উপ-বরাদ্দ আসেনি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা প্রশাসনকে অবহিত করা হবে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ৮. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা পর্যায়ক্রমে উপজেলা পরিষদ সভায় অনুপস্থিত থাকায় ক্ষোভ প্রকাশ করেন। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিতসহ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ৯. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, মাঠ পর্যায়ে রাজস্ব খাতের আওতায় ১০টি পেঁয়াজ, ১০টি চীনাবাদাম ও ২০টি ভূট্টা প্রদর্শনী স্থাপন করা হয়েছে। তাছাড়া কৃষি পূর্নবাসন প্রকল্পের আওতায় ৩০টি বোরো প্রদর্শনী স্থাপন করা হয়েছে। রাজস্ব খাতের এডাপশন কার্যক্রমের আওতায় বোরে ১৭টি পেঁয়াজ ৩২টি, ১০৩টি চীনাবাদাম প্রদর্শনী বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে রাসায় সারের কোন সংকট নেই। থানচি উপজেলায় অনুমোদিত ০৪জন ডিলারের কাছে পর্যাপ্ত সার মজুদ রয়েছে। | ক) থানচি উপজেলার কোথাও যাতে সারের সংকট না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখাসহ সরকার নির্ধারিত মূল্যের বাইরে অতিরিক্ত মূল্যে যাতে সার বিক্রি যেন না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখাসহ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>খ) সরকারী প্রণোদনায় উৎপাদনের জন্য কৃষকের মাঝে বিতরণকৃত বীজ ও সার যাতে মাঠ পর্যায়ে শতভাগ ব্যবহার নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা/ সংশ্লিষ্ট সার ডিলার সকল, থানচি |
| ১০. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১১. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | জানানো হয়। | |
| | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিতসহ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| . | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় ঃ সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, সর্বমোট ঋণ বিতরণ-৯৫,৫৮০০০/-(ঘূর্ণায়মান তহবিল), মোট ঋণ আদায়-৭,০৯৯,৩৪৩/-টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার-৮৮%, চলমান ঋণ আদায়ের হার-৯২%, চলতিবছর ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা-১২,০০,০০০/-টাকা, এ পর্যন্ত বিতরণ-৪,৯৫,০০০/-টাকা। ৩০জুন ২০২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। | ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পুনরায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, পল্লী সমাজসেবা সুদমুক্ত ঋণ কার্যক্রমের আওতায় বলিপাড়া ইউনিয়নের মুসলিম পাড়ায় ৮জনকে ২,৪০,০০০/-টাকা, থানচি ইউনিয়নের প্রাতা পাড়ায় ১০জনকে ৩,০০,০০০/-টাকা এবং বয়ক হেডম্যান পাড়ায় ৫জনকে ১,০০,০০০/-টাকাসহ সর্বমোট-৬,৪০,০০০/-টাকা প্রদান করা হয়েছে। | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিভিন্ন ভাতাভোগীদের ভাতা প্রদান এবং পল্লী সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ প্রদান ও আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, ২০২০-২১ অর্থবছরের সমিতির বার্ষিক অডিট সম্পাদক জানুয়ারী/২০২২ পর্যন্ত ৩৮টি সমিতির মধ্যে ৩২টি সমিতির অডিট সম্পাদক সম্পন্ন হয়েছে। ঘূর্ণায়মান তহবিল ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। তাছাড়া চলতি বৎসরে সমিতি থেকে আদায়কৃত ১০,৫৫০/- টাকা সরকারি রাজস্ব জমাপ্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬. | বন বিভাগ ঃ থানচি রেঞ্জ কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, ফ্রি পারমিটের অনুবলে জোতভূমি থেকে বৈধভাবে গাছ কর্তন, আহরণ ও পরিবহণ কার্যক্রম অব্যাহত রয়েছে। থানচি রেঞ্জের ৮৭টি জব্দকৃত কাঠের লটের নিলাম সম্পন্ন হয়েছে। এর মধ্যে ৬৫টি কাঠের লটের রাজস্ব ৬৫,০০০/-আদায় করা হয়েছে। সাঙ্গু সংরক্ষিত বনাঞ্চল রক্ষার্থে স্বাভাবিক টহল কার্যক্রম অব্যাহত রয়েছে। তাছাড়া এ উপজেলায় জোত পারমিটের আড়ালে কেউ যাতে সরকারী বন উজাড় করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখাসহ যে কোন তথ্য আইন-শৃংখলা বাহিনী এবং উপজেলা প্রশাসনকে অবহিত করার বিষয়ে উপস্থিত জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সকল রেঞ্জ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | রেঞ্জ কর্মকর্তা (সকল), থানচি |
| ১৭. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয় ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ১৯. | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ঃ উপজেলা প্রকল্প ব্যবস্থাপক বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, ২টি ইউনিয়নে ১০টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। বাধ্যযন্ত্রসহ বিভিন্ন সরঞ্জামাদির বরাদ্দ পাওয়া গেছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, পা:চ:উন্ন:বোর্ড |
| ২০. | আমার বাড়ী আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) ঃ উপজেলা সমন্বয়কারী প্রকল্পের কাজ সন্তোষজনক মর্মে জানান। জানুয়ারী/২০২২ প্রকল্প কাজের অগ্রগতি নিম্নরূপ: সমিতি গঠন-৯০টি, সদস্য অর্ন্তভূক্তি-৩৯৫৩জন, সঞ্চয় জমা-০.৩০লক্ষ টাকা, কল্যান অনুদান প্রাপ্তি-৭০.৭৯লক্ষ টাকা, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি-২১০.৩৪ লক্ষ টাকা, মোট তহবিল-২৮১.৮৭লক্ষ টাকা, ঋণ বিতরণ-৭.০০লক্ষ টাকা, ঋণ আদায়-৫.২০লক্ষ টাকা, খেলাপি ঋণ-৩০%। তাছাড়া মাঠ পর্যায়ে আমার বাড়ী আমার খামার প্রকল্পের (পল্লী সঞ্চয় ব্যাংক) কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিত করাসহ মাঠ পর্যায়ে প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গতিশীল রাখার নিমিত্ত মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারীকে (আ:বা:আ:খা:) অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়কারী, (আ:বা:আ:খা: প্রকল্প) |
| ২১. | উপজেলা রিসোর্স সেন্টার ঃ ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, থানচি বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে জানান। তিনি আরও জানান যে, বর্তমানে প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকায় শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে মুখোমুখি | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, থানচিকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পাঠদান বন্ধ রয়েছে। শিক্ষার্থী যাতে বাড়িতে পড়ালেখা অব্যাহত রাখে সেজন্য শিক্ষকগন ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ঘরে বসে শিখি কার্যক্রম বাস্তবায়নে শিক্ষকগণ সহায়তা করছেন। | | |
| ২৩. | বিবিধ ঃ ক) উপজেলা ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে তাগিদ দেয়া হচ্ছে। এ উপজেলায় বিভিন্ন বিভাগে চলমান উন্নয়নমূলক কাজের ডাটা সংরক্ষণ ও ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। | ক) উপজেলা ওয়েব পোর্টাল হালনাগাদ করার লক্ষ্যে স্ব স্ব বিভাগে বাস্তবায়নাধীন গত অর্থবছরসহ চলতি ২০২০-২১ অর্থবছরের উন্নয়নমূলক কাজের ডাটা (সফট্ কপি) হালনাগাদকরণসহ আগামী সভায় হালনাগাদ প্রতিবেদন উপস্থাপন করার জন্য সকল বিভাগীয় প্রধানকে অনুরোধ জানানো হয়। পাশাপাশি ইউনিয়ন ওয়েব পোর্টাল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও উদ্যোক্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ উদ্যোক্ত (সকল) |
| | খ) সভাপতি জানান যে, কয়েকজন ইউপি চেয়ারম্যানসহ থানচি উপজেলার জনগন "থানছি" এর পরিবর্তে প্রশাসনিকভাবে "থানচি" ব্যবহৃত হচ্ছে তা পরিবর্তন করে 'থানছি' শব্দটি সর্বত্র ব্যবহারে জন্য উপজেলা চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। 'থানছি' শব্দটি দীর্ঘকাল হতে ব্যবহৃত হয়ে আসলেও বর্তমানে থানচি ব্যবহার হওয়ায় অনেকের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | খ) প্রশাসনিকভাবে ব্যবহৃত থানচি শব্দ এর পরিবর্তে থানছি শব্দ ব্যবহারের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, থানচি এর নিকট দাখিলকৃত আবেদনটি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণসহ থানচি উপজেলার সর্বত্র "থানছি" শব্দ ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, থানচিকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(থোয়াইহ্লা মং মারমা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
থানচি, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং-উ:প:থা/পরিষদ সভা/ ২০২২-২৩/(৫০), তারিখ ঃ ১৬/০২/২০২২ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় সংসদ সদস্য, ৩০০নং আসন, বান্দরবান পার্বত্য জেলা ও উপদেষ্টা , থানচি উপজেলা পরিষদ।
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৭. মূখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান/সংরক্ষিত মহিলা আসন সদস্য, উপজেলা পরিষদ, থানচি।
৯. উপজেলা........................................................................................কর্মকর্তা (দপ্তর প্রধান সকল), থানচি।
১০. চেয়ারম্যান, থানচি/বলিপাড়া/রেমাক্রী/তিন্দু ইউনিয়ন পরিষদ, থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
১১. জনাব ..................................................................................., থানচি।
১২. অফিস কপি।

(আতাউল গনি ওসমানী)
উপজেলা নির্বাহী অফিসার
থানচি, বান্দরবান পার্বত্য জেলা

CamScanner